





মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আধা-সরকারি পত্র নম্বর: ০৪.০০.০০০০.০০১.১২.০০২.১৭.১৮৪(৫৭)

তারিখ: ১৩ পৌষ ১৪২৪  
২৭ ডিসেম্বর ২০১৭

বিষয়ঃ উন্নয়ন মেলা-২০১৮ অনুষ্ঠানের জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সচিবগণের জন্য নির্দেশনা।

প্রিয় সহকর্মী,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে সরকারের বহুমুখী তৎপরতা অব্যাহত রয়েছে। সরকারের সেই সকল উন্নয়ন তৎপরতা ও সাফল্য প্রান্তিক পর্যায়ের জনগণের কাছে তুলে ধরা প্রয়োজন, যাতে তারাও উন্নয়ন কার্যক্রমের সাথে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত হতে পারেন। সেই লক্ষ্যে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবসকে সামনে রেখে আগামী ১১ হতে ১৩ জানুয়ারি ২০১৮ তারিখ পর্যন্ত ৩(তিন) দিনব্যাপী একযোগে সারাদেশে জেলা ও উপজেলা পর্যায়ে উন্নয়ন মেলার আয়োজন করা হয়েছে।

২। উন্নয়ন মেলাকে সাফল্যমন্ডিত করার লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে ডিডিও কনফারেন্সের মাধ্যমে বিভাগ ও জেলা পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। মেলা সফল করার জন্য মাঠ পর্যায়ে যথাযথ তদারকি, সমন্বয় ও পরিবীক্ষণসহ প্রয়োজনীয় নির্দেশনা ও আর্থিক বরাদ্দ প্রদান করা আবশ্যিক। আপনার মন্ত্রণালয়ের পক্ষ হতে বিভাগ ও জেলা পর্যায়ে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা ও আর্থিক বরাদ্দ প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। একই সাথে সকল মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তরসমূহকে জেলা ও উপজেলা পর্যায়ে উন্নয়ন ও সেবা সম্পৃক্ত তথ্য, ব্রশিউর, বুকলেট এবং সকল প্রকার প্রমাণকসমূহ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

শ্রদ্ধা ও শুভেচ্ছান্তে,

আপনারই একান্ত,

২৭.১২.১৭

(মোহাম্মদ শফিউল আলম)

ড. জাফর আহমেদ খান  
সিনিয়র সচিব  
পানি সম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা